বোধ পরীক্ষণ (5)

একদিন গুরু দ্রোণাচার্য তাঁর শিষ্যদের লক্ষ্যভেদের পরীক্ষা নিলেন। তিনি একটি গাছের ডালে কাঠের পাখি বেঁধে দিলেন। সবাইকে পাখির চোখে তীর ছুঁড়তে বললেন। প্রথমে অন্য শিষ্যদের জিজ্ঞাসা করলেন, "তোমরা কী দেখতে পাচ্ছ?" তারা বলল, "গাছ, ডাল, পাখি—সবই দেখতে পাচ্ছি।" তারপর অর্জুনকে জিজ্ঞাসা করলে সে বলল, "আমি শুধু পাখির চোখ দেখতে পাচ্ছি।" তখন গুরু দ্রোণাচার্য অর্জুনকে তীর ছুঁড়তে বললেন। অর্জুন ঠিক পাখির চোখে তীর লাগাল। গুরু তাঁর একাগ্রতার খুব প্রশংসা করলেন।

সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ।

১)কে শিষ্যদের লক্ষ্যভেদের পরীক্ষা নিয়েছিলেন?

ক) ভীষ্ম

খ) দ্রোণাচার্য

গ) কর্ণ

ঘ) যুধিষ্ঠির

২)অর্জুন কী দেখতে পাচ্ছিল?

ক) গাছ

খ) ডাল

গ) শুধু পাখির চোখ

ঘ) আকাশ

৩) অন্য শিষ্যরা কী দেখতে পাচ্ছিল?

ক) শুধু পাখির চোখ

খ) শুধু গাছ

গ) গাছ, ডাল ও পাখি

ঘ) শুধু আকাশ

৪)গুরু দ্রোণাচার্য অর্জুনের কোন গুণের প্রশংসা করেছিলেন?

ক) সাহস

খ) একাগ্রতা

গ) শক্তি

ঘ) দয়া

৫)গল্পটি আমাদের কী শিক্ষা দেয়?

ক) সব সময় খেলতে হবে

খ) একাগ্র হলে সাফল্য আসে

গ) সব সময় কথা বলতে হবে

ঘ) রাগ করতে হবে

Note - ছাত্রছাত্রীরা শুধু উত্তর লিখবে, প্রশ্ন লেখার প্রয়োজন নেই।